দরপত্র দাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**রপ্তানি উন্নয়ন ব্যুরো**
**টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫**

www.epb.gov.bd /E-mail: ditf@epb.gov.bd /Facebook: www.facebook.com/epb.gov.bd

**বিষয়ঃ রয়্যালটি প্রদানের মাধ্যমে ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ প্রাঙ্গণে ATM BOOTH স্থাপন সংক্রান্ত দরপত্র শিডিউল (প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাজের ক্রমিক নং-(iv) দ্রষ্টব্য)।**

| | | | |
|---|---|---|---|
| ১। | দরপত্র আহবানের উদ্দেশ্য | : | আগামী ০১ জানুয়ারি, ২০২৬ তারিখ হতে মাসব্যাপী অনুষ্ঠেয় ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ এর নির্ধারিত স্থানে মেলায় অংশগ্রহণকারী ও মেলায় আগত দর্শনার্থীদের আর্থিক লেনদেনের সুবিধার্থে বিভিন্ন ব্যাংকের এটিএম বুথ স্থাপন ও পরিচালনা। |
| ২। | কাজের নাম | : | ডিআইটিএফ ২০২৬ প্রাঙ্গণে এটিএম বুথ স্থাপন ও পরিচালনা। |
| ৩। | দরপত্র প্রসেসিং ফি (ভ্যাট ট্যাক্সসহ) | : | **টাঃ ৭,০০০/- (সাত হাজার)** টাকা মাত্র (অফেরতযোগ্য)। ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় **"ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)"** শিরোনামের **হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১**-এ জমা দিয়ে ডিপোজিট স্লিপের কপিসহ দরপত্রের/আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে (ই-মেইলে আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি দাখিল করতে হবে)। অন্যথায় আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ৪। | এটিএম বুথ স্থাপনের ক্ষেত্রে সর্বনিম্ন ফ্লোর মূল্য | : | প্রতিটি বুথ এর জন্য সর্বনিম্ন ফ্লোর মূল্য **টাঃ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার)** মাত্র (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত)। |
| ৫। | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | : | **১৭-১১-২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত।** |
| ৬। | দরপত্র দাখিলের স্থানসমূহ | : | (ক) প্রশাসন শাখা এবং ডিআইটিএফ সচিবালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৫ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা;<br>(খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)-এর অফিস কক্ষ, (১ম ১২ তলা ভবন, ৩য় তলা, কক্ষ নং-৩০৩, সেগুনবাগিচা), ঢাকা;<br>(গ) বাণিজ্য মন্ত্রণালয়, ভবন নং-০৩ (২য় তলা), কক্ষ নং-১২৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং<br>(ঘ) এছাড়া, ই-মেইলঃ ditf@epb.gov.bd এর মাধ্যমে আবেদনপত্র/ দরপত্র দাখিল করা যাবে। |
| ৭। | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় | : | ১৮-১১-২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ০৩:০০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স রুম [টিসিবি ভবন (৫ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা]-এ দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন)। |
| ৮। | মেলার মেয়াদকাল | : | আগামী ০১ জানুয়ারি, ২০২৬ তারিখ হতে মাসব্যাপী। |
| ৯। | আগ্রহী দরপত্র দাতা সংস্থা/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা (টেলিফোন ও ফ্যাক্স নম্বরসহ) | : | |



রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

CamScanner

১০। (ক) দরপত্রের সাথে যে সকল কাগজপত্র/ডকুমেন্টস দাখিল করতে হবে : হালনাগাদ ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ভ্যাট সনদপত্র, ২০২৪-২৫ কর বছরের আয়কর মামলার নিষ্পত্তির সনদপত্র, ব্যাংক সচ্ছলতার হালনাগাদ সনদপত্র-এর সত্যায়িত কপি, মেলা তহবিলে সকল অর্থ জমার সমর্থনে (যেমনঃ প্রসেসিং ফি, উদ্ধৃত মূল্য ইত্যাদি) ডিপোজিট স্লিপের কপি, দরপত্রদাতার সদ্য তোলা সত্যায়িত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ও দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য কাগজপত্র।

(খ) দাখিলকৃত কাগজপত্র/ডকুমেন্টস এর তালিকা :

১১। সমজাতীয় কাজে পূর্ব অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে ইহার সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে) :

যে এটিএম বুথের জন্য দরপত্র দাখিল করা হয়েছে **তার নম্বর** (এ নম্বর মেলা মাঠের মাস্টার প্ল্যান থেকে নির্বাচন করতে) :

১২। উদ্ধৃত মূল্য (Quoted Value) (ভ্যাট ট্যাক্স ব্যতীত) (একক উদ্ধৃত মূল্য x বেলুনের সংখ্যা) : টাঃ কথায়ঃ

<u>(বিঃদ্রঃ-</u> আলোচ্য কাজের প্রতিটির রয়্যালটির সর্বনিম্ন মূল্য (Floor Rate) হবে **টাঃ ১,৫০,০০০/- ( টাকা এক লক্ষ পঞ্চাশ হাজার)** মাত্র (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত)। উক্ত মূল্যের নিম্নে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৩। **<u>উদ্ধৃত মূল্য অগ্রিম পরিশোধঃ</u>**

উদ্ধৃত মূল্যের (Quoted Value) সমুদয় অর্থ (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) দরপত্র দাখিলের পূর্বেই ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় **"ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)"** শিরোনামের **হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১**-এ জমা করে জমাদানের মূল ডিপোজিট স্লিপ দরপত্রের সাথে দাখিল করতে হবে। ই-মেইলে আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি দাখিল করতে হবে (ডিপোজিট স্লিপ অবশ্যই আবেদনকারী প্রতিষ্ঠান অথবা ফার্মের নামে হতে হবে)।

(ক) অংকে টাঃ------------------------------------------------

কথায় টাঃ------------------------------------------------

(খ) ব্যাংকের নাম ও শাখা ------------------------------------

(গ) ব্যাংক ডিপোজিট স্লিপের স্ক্রল নং---------------------------

(ঘ) তারিখ ------------------------------------------------

**দরপত্র দাতার স্বাক্ষর, তারিখ ও সীলমোহর**



CamScanner

## ৪। দরদাতা কর্তৃক অবশ্য পালনীয় শর্তাবলীঃ

(১) দরপত্রের সাথে উদ্ধৃত সমুদয় অর্থ (ভ্যাট ট্যাক্স ব্যতীত) এবং প্রসেসিং ফি ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় "ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)" শিরোনামের হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১-এ জমা করে ডিপোজিট স্লিপ এর কপি সংযুক্ত করতে হবে;

(২) দরপত্র দাতাগণ এক বা একাধিক এটিএম বুথের জন্য দরপত্র দাখিল করতে পারবেন। তবে যে এটিএম বুথের জন্য দরপত্র দাখিল করা হবে মেলা মাঠের মাস্টার প্ল্যান থেকে **সেই এটিএম বুথের নম্বর উল্লেখসহ** তার জন্য রয়্যালটি মূল্য উদ্ধৃত করতে হবে।

(৩) ডিআইটিএফ ২০২৬ এর মাস্টার প্ল্যানে এটিএম বুথ স্থাপনের জন্য স্থান নির্ধারণ করা আছে;

(৪) এটিএম বুথ স্থাপন সংক্রান্ত কাজের জন্য মেলা কর্তৃপক্ষ এবং ব্যাংক/অর্থলগ্নী প্রতিষ্ঠানের মধ্যে টাঃ ৩০০/- (টাকা তিনশত) মাত্র মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিনামা সম্পাদন করতে হবে। উক্ত স্ট্যাম্পের ব্যয় দরদাতা কর্তৃক পরিশোধযোগ্য হবে;

(৫) এটিএম বুথ নির্মাণ, শোভায়ন, নিরাপত্তা এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যাদি দরদাতা প্রতিষ্ঠান এবং ব্যাংক/অর্থলগ্নী প্রতিষ্ঠান কর্তৃক নিজ খরচে সম্পাদন/পরিচালনা করতে হবে;

(৬) এটিএম বুথ এর জন্য নির্ধারিত জায়গার পরিমাপ অনধিক ৫´×৭´। নির্ধারিত স্পেস এর বেশি জায়গা দখলপূর্বক স্থাপনা নির্মাণে আগ্রহী দরদাতাকে অবশ্যই ডিআইটিএফ ২০২৬ কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। অন্যথায় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত প্রতিপালন করতে হবে;

(৭) বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত নয় এমন পণ্যের বিজ্ঞাপন/প্রচারণামূলক কার্যক্রম এটিএম বুথ এর মাধ্যমে পরিচালনা করা যাবে না;

(৮) এটিএম বুথ নিজ দায়িত্বে রক্ষণাবেক্ষণ কাজে সার্বক্ষণিক প্রয়োজনীয় জনবল ও সরঞ্জামাদি নিয়োজিত রাখতে হবে;

(৯) এটিএম বুথ এর মাধ্যমে একটি আন্তর্জাতিক বাণিজ্য মেলার ভাবমূর্তি ক্ষুণ্ন করে এমন কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;

(১০) মেলার মেয়াদকাল বর্ধিত করা হলে মনোনীত প্রতিষ্ঠান সকল প্রকার করসহ আনুপাতিক হারে অতিরিক্ত ভাড়া পরিশোধপূর্বক ইজারা কার্যক্রম পরিচালনা করতে পারবে;

(১১) মেলার সময় বৃদ্ধি করা হলে সার্বিক সৌন্দর্যের অংশ হিসেবে বর্ধিত সময়ে এটি এম বুথ মেলা প্রাঙ্গণে সংরক্ষণ করতে হবে। এ ক্ষেত্রে বর্ধিত দিনের জন্য আনুপাতিক হারে মেলা কর্তৃপক্ষকে কর ও ভ্যাটসহ রয়্যালটি মূল্য পরিশোধ করতে হবে;

(১২) মেলা কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশ/নির্দেশনা দরদাতা/কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে পরিপালন/অনুসরণ করতে হবে

(১৩) মেলা কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিকভাবে কার্যাদেশ জারীর ৭(সাত) দিনের মধ্যে নির্বাচিত প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক উদ্ধৃত দরের অর্থ ছাড়াও [১৫% ভ্যাট বাবদ + ১০% কর বাবদ+ প্রযোজ্য অন্যান্য কর (যদি থাকে)] ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় "ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)" শিরোনামের হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১-এ জমা করে ডিপোজিট স্লিপ এর কপি সংযুক্ত করতে হবে;

(১৪) অনিবার্য কোন কারণে (যেমনঃ প্রাকৃতিক দৈব দূর্বিপাক, সরকারি সিদ্ধান্ত, হরতাল, মহামারী অথবা রাজনৈতিক অস্থিরতা) মেলা স্থগিত বা বন্ধ ঘোষণা করা হলে মেলা তহবিলে জমাকৃত কোন অর্থ ফেরৎ প্রদান, পূর্ণর্ভরন বা সমন্বয় করা যাবে না;

(১৫) ডিআইটিএফ ২০২৬ এর ইজারা প্রাপ্ত প্রতিষ্ঠান কোনক্রমেই ইজারা কার্যক্রম অন্যের নিকট হস্তান্তর বা Power of Attorney প্রদানপূর্বক ইজারা কার্যক্রম পরিচালনার ক্ষমতা/দায়িত্ব প্রদান করতে পারবে না। এ ধরণের কোন কার্যক্রম প্রদান করা হলে কার্যাদেশ/ইজারা চুক্তিনামা বাতিল বলে গণ্য হবে এবং সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে;

(১৬) দরপত্রের বিজ্ঞপ্তি ও দরপত্রের শিডিউলে বর্ণিত কোন শর্ত ভঙ্গ করলে জরিমানা আরোপ, ভবিষ্যতে অনুষ্ঠিতব্য মেলায় অংশগ্রহনের জন্য অযোগ্য ঘোষণা, কালো তালিকাভুক্তসহ অন্যান্য শাস্তিমূলক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(১৭) পূর্ববর্তী মেলা বা মেলাসমূহে অংশগ্রহণকারী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট মেলা কর্তৃপক্ষ কোন অর্থ পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তি অথবা উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা তার মালিকানাধীন সকল প্রতিষ্ঠান ডিআইটিএফ ২০২৬ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না এবং এরূপ প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠান/ব্যক্তিসমূহের নামে ATM BOOTH স্থাপন সংক্রান্ত কাজ বরাদ্দ করা হবে না;

(১৮) প্রয়োজন হলে মেলা কর্তৃপক্ষ ডিআইটিএফ এর এ কাজ ঠিকাদারী প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠান বা অন্য কোন কর্তৃপক্ষ বা বিভাগের মাধ্যমে অথবা অন্য কোন উপায়ে সম্পাদন করাতে পারবেন;

(১৯) মেলার যে কোন কাজের বা যে কোন বরাদ্দের মোট ফ্লোর মূল্য বা মোট বরাদ্দমূল্য ৩১ (একত্রিশ) দিনের জন্য প্রযোজ্য বলে গণ্য করতে হবে;

(২০) এ কাজের বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী অথবা স্বত্বাধিকারী মেলা কর্তৃপক্ষের সাথে কোন অসৌজন্যমূলক আচরণ করলে ব্যুরোর ভাইস চেয়ারম্যান তাদের বিরুদ্ধে মামলা দায়ের/আইনানুগ ব্যবস্থাসহ সে সকল প্রতিষ্ঠানকে ডিআইটিএফ এ অংশগ্রহণের অযোগ্য ঘোষণা করতে পারবেন;

(২১) এ কাজ বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা সম্পাদন করতে অপারগতা প্রকাশ করলে অথবা সম্পাদন না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/শিডিউল/কার্যাদেশ/বরাদ্দপত্রে উল্লিখিত কোন শর্ত ভঙ্গ করলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলায় উহার সকল প্রকার কার্যক্রম তাৎক্ষণিকভাবে বন্ধ করা যাবে এবং রয়্যালটি, ভাড়া, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে উহার জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে। এছাড়া এ সকল ক্ষেত্রে পরবর্তী সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান এর অনুকূলে সংশ্লিষ্ট কাজের কার্যাদেশ/বরাদ্দ দেয়া যাবে;



রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

CamScanner

(২২) মেলা কর্তৃপক্ষ যুক্তিযুক্ত ও প্রয়োজন মনে করলে মেলা মাঠের মাস্টার প্ল্যান যে কোন সময় পরিবর্তন/সংশোধন করতে পারবে;

(২৩) এ কাজের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত বা প্রাথমিকভাবে বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি/প্রাথমিক কার্যাদেশ/প্রাথমিক বরাদ্দপত্রের শর্ত মোতাবেক প্রযোজ্য সম্পূর্ণ অর্থ মেলা তহবিলে জমা না করলে তাদের অনুকূলে সংশ্লিষ্ট কাজের চূড়ান্ত কার্যাদেশ বা চূড়ান্ত বরাদ্দপত্র দেয়া হবে না। এক্ষেত্রে তাদের নামে ইস্যুকৃত প্রাথমিক কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলা তহবিলে উহাদের জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে তাদের বিরুদ্ধে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহন করা যাবে;

(২৪) ডিআইটিএফ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ এবং কাজের বরাদ্দ বাবদ মেলা তহবিলে জমাযোগ্য সকল অর্থ www.epb.gov.bd এর ওয়েবসাইট থেকে ডিপোজিট স্লিপের নির্ধারিত ফরম প্রিন্ট করে তা পূরণপূর্বক উহার মাধ্যমে ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় জমা করতে হবে। অন্যথায় মেলা তহবিলে অর্থ জমার দাবী গ্রহণযোগ্য হিসাবে গণ্য করা হবে না;

(২৫) মেলায় অংশগ্রহণের উদ্দেশ্যে মেলা তহবিলে অর্থ জমার সমর্থনে ব্যাংক থেকে প্রদত্ত/প্রাপ্ত ডিপোজিট স্লিপে আবেদনকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ না থাকলে তা গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে না;

(২৬) হার্ডকপির মাধ্যমে দাখিলকৃত প্রতিটি দরপত্রের খামের উপর দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাজের ক্রমিক নম্বরসহ সংশ্লিষ্ট কাজের নাম উল্লেখ/লিপিবদ্ধ করতে হবে;

(২৭) উপরে উল্লিখিত শর্তাবলী ছাড়া পত্রিকায় প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলী প্রযোজ্যতা মোতাবেক দরপত্র দাখিলকারী/কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে পরিপালন/অনুসরণ করতে হবে;

(২৮) অত্র শিডিউলের প্রতি পৃষ্ঠায় দরপত্র দাতা প্রতিষ্ঠানের সীলমোহর ও স্বত্বাধিকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে;

(২৯) অসম্পূর্ণ দরপত্র বা আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

(৩০) ডিআইটিএফ ২০২৬ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিলের পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে;

(৩১) মেলা কর্তৃপক্ষ যে কোন সময় মেলার তারিখ ও সময় পরিবর্তন করতে পারবেন এবং যেকোন শর্ত সংশোধন পরিবর্তন ও বাতিল করতে পারবেন;

(৩২) প্রয়োজনবোধে স্বাক্ষরযুক্ত অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে। প্রতিটি মূল্য অংকে এবং কথায় লিখতে হবে।

১৫। **দরদাতার স্বাক্ষর, তারিখ ও সীলমোহরঃ**

০৩/১০/২০২৫


**সচিব (উপসচিব)**
রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা
ও
**পরিচালক**
৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ সচিবালয়
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৫ম তলা), ঢাকা-১২১৫
ফোনঃ ০২-৫৫০১৩৪২০, PABX ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪, ৮১৮০০৮৭, ৮১৮০০৯০, এক্সটেনশন নং-১১৭, ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০১৪০২৪
ওয়েবসাইটঃ www.epb.gov.bd, ই-মেইলঃ secy@epb.gov.bd, Facebook: www.facebook.com/epb.gov.bd





CamScanner